

## ।/ জেএসসিতে পাসে সেৱা বৱিশাল জিপিএ ৫-এ ঢাকা

■ সমকাল প্রতিবেদক  
অষ্টম খেণিৰ জনিয়ৰ স্কুল  
সাটিকিফেট (জেএসসি) পৱীক্ষায়  
সাধাৰণ আট বোর্ডেৰ মধ্যে পাসেৰ  
হারেৰ দিক থেকে এবাৰ সবচেয়ে  
এগিয়ে বৱিশাল। অনাদিকে, জিপিএ  
৫ পাওয়াৰ দিক থেকে বৱাৰেৱেৰ  
মতোই শীৰ্ষে ঢাকা বোৰ্ড।

গতকাল শনিবাৰ সচিবালয়ে  
সংবাদ সম্মেলনে শিক্ষামতী নৱলল  
ইসলাম নাহিন জেএসসি-জেডিসি  
পৱীক্ষার ফলেৰ বিস্তাৰিত তথ্য তুলে  
ধৰেন। এবাৰ জেএসসিতে পাসেৰ  
হার ৮৩ দশমিক ১০ শতাংশ। আৱ  
জিপিএ ৫ পেয়েছে মোট এক লাখ  
৮৪ হাজাৰ ৩৯৭ জন।

আট বোর্ডেৰ মধ্যে জেএসসিতে  
পাসে সেৱা বৱিশাল। এই বোর্ডে  
পাসেৰ হার ৯৬ দশমিক ৩২ শতাংশ।  
গত বছৱেৰ শীৰ্ষে থাকা রাজশাহী  
বোৰ্ড ৯৫ দশমিক ৫৪ শতাংশ পাসেৰ  
হার নিয়ে এবাৰ রয়েছে দ্বিতীয়  
অবস্থাবে।

অনাদিকে, গত বছৱেৰ মতো  
এবাৱও ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## জেএসসিতে পাসে

[তৃতীয় পৃষ্ঠার পৰ]

পাসেৰ হারে সবাৱ নিচে অবস্থান  
কৰছে কুমিল্লা বোৰ্ড। এ বোৰ্ডে পাসেৰ  
হার ৬২ দশমিক ৮৩ শতাংশ।

এ ছাড়া ঢাকাৰ পাসেৰ হার ৮১  
দশমিক ৬৬, চট্টগ্ৰামে ৮১ দশমিক  
১৭, যশোৱে ৮৩ দশমিক ৪২, সিলেটে  
৮৯ দশমিক ৪১ ও দিনাজপুৰে ৮৮  
দশমিক ৩৮ শতাংশ।

জিপিএ ৫ প্রাপ্তিতে শীৰ্ষে থাকলৈও  
ঢাকা বোৰ্ড এবাৰ গত বছৱেৰ  
তুলনায় জিপিএ ৫ পাওয়া পৱীক্ষায়  
কমেছে নয় হাজাৰ ৫০২ জন। এ  
বোৰ্ড এবাৰ জিপিএ ৫ পাওয়া  
শিক্ষায়ীৰ সংখ্যা ৭৬ হাজাৰ ৮৪৮  
জন।

গত কয়েক বছৱেৰ  
ধাৰাৰাহিকতায় জিপিএ ৫ প্রাপ্তিতে  
সবাৱ নিচে রয়েছে সিলেট বোৰ্ড। এ  
বোৰ্ডে সাত হাজাৰ ৬২১ জন জিপিএ ৫  
পেয়েছে। এ ছাড়া রাজশাহী বোৰ্ডে ৩৭  
হাজাৰ ৬৩০, কুমিল্লা বোৰ্ডে আট  
হাজাৰ ৮৭৫, যশোৱে বোৰ্ডে ১৪ হাজাৰ  
৬১২, চট্টগ্ৰাম বোৰ্ডে ১০ হাজাৰ ৩১৫,  
বৱিশাল বোৰ্ডে আট হাজাৰ ৪৩১ ও  
দিনাজপুৰ বোৰ্ডে ২০ হাজাৰ ৬২  
শিক্ষায়ী জিপিএ ৫ পেয়েছে।